# খুলনা সিটি কর্পোরেশনের

## ২০২২-২০২৩ অর্থ বছরের

# বাজেট

খুলনা সিটি কর্পোরেশন

"বিসমিল্লাহির রহমানির রহিম"

খুলনা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানের সম্মানিত সভাপতি, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, বিশিষ্ট সুধীজন, উপস্থিত প্রিন্ট ও ইলেকট্রোনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, কেসিসি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং প্রিয় মহানগরবাসী।

**আস্সালামু আলাইকুম।**

খুলনা সিটি কর্পোরেশনের আমন্ত্রণে এ বাজেট ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। ২০১৮ সালে খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে আমাকে এবং আমার এ পরিষদকে আপনারা নির্বাচিত করে খুলনা নগরবাসীর সেবার দায়িত্ব অর্পণ করেছিলেন। নির্বাচিত হবার পর খুলনাবাসীর সুখ-দুঃখের সাথী হয়ে খুলনা মহানগরীকে একটি উন্নত,পরিচ্ছন্ন, শান্তি ও স্বস্থির নগরী হিসেবে গড়ে তোলার জন্য আমরা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। **আজ ২৮ জুলাই ২০২২ তারিখে এ পরিষদের ৪র্থ বাজেট নগরবাসীর সামনে তুলে ধরতে যাচ্ছি।**

**২। সম্মানিত সুধীবৃন্দ,**

কোন প্রতিষ্ঠানের বাজেট শুধুমাত্র আয়-ব্যয়ের খতিয়ান নয়। এর মধ্যে দিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ভাবনা প্রতিফলিত হয়। খুলনা সিটি কর্পোরেশন জন-প্রতিনিধিদের দ্বারা পরিচালিত একটি সেবামূলক প্রতিষ্ঠান। নির্বাচনের প্রাক্কালে নির্বাচনী ইস্তেহারে আমরা যে প্রতিশ্রুতি নগরবাসীকে দিয়েছিলাম, এ বাজেট প্রণয়ন ও বাস্তবানের মধ্যদিয়ে তা বাস্তবে রূপ দেয়ার প্রচেষ্টা করছি। বর্তমান অর্থ বছর তথা ২০২২-২০২৩ বছরের প্রস্তাবিত বাজেটটিও সেভাবে প্রস্তুত করা হয়েছে। একই সাথে ২০২১-২০২২ অর্থ বছরের আয়-ব্যয়ের প্রকৃত অবস্থার উপর ভিত্তি করে উক্ত অর্থ বছরের সংশোধিত বাজেটও প্রণয়ন করা হয়েছে। বর্তমান অর্থ বছরের বাজেট এবং বিগত অর্থ বছরের সংশোধিত বাজেটের কপি ইতোমধ্যে আপনাদের কাছে পৌছে দেয়া হয়েছে। তার কিছু উল্লেখযোগ্য দিক আপনাদের সামনে তুলে ধরার চেষ্টা করছি।

**২.১ সংশোধিত বাজেট ঃ**

বিগত অর্থ বছরে বাজেটের লক্ষ্যমাত্রা ছিল ৬০৮ কোটি ০২ লক্ষ ৫৬ হাজার টাকা। সংশোধিত বাজেটে এর আকার দাঁড়িয়েছে ৪৫০ কোটি ৬৪ লক্ষ ৯১ হাজার টাকা। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৭৪.১২%। উক্ত বাজেটে রাজস্ব তহবিল এর ক্ষেত্রে আমাদের লক্ষ্য মাত্রা ছিল ১৯৮ কোটি ৮৫ লক্ষ ৯৩ হাজার টাকা। যা সংশোধিত বাজেটে দাঁড়িয়েছে ১৬৫ কোটি ৪০ লক্ষ ৭১ হাজার টাকা। নিজস্ব তহবিলে অর্জনের হার ৮৩.১৮%। উন্নয়ন তহবিলে তথা সরকারি অনুদান ও দাতা সংস্থার বিশেষ প্রকল্পে বিগত বাজেটে লক্ষ্যমাত্রা ছিল ৪০৯ কোটি ১৬ লক্ষ ৬৩ হাজার টাকা। কিন্তু আমরা পেয়েছি ২৮৫ কোটি ২৪ লক্ষ ২০ হাজার টাকা। এক্ষেত্রে অর্জনের হার ৬৯.৭১%। মূলত সরকারের নিকট থেকে আশানুরূপ অর্থ পাওয়া গেলেও দাতা সংস্থা থেকে অনুরূপ বরাদ্দ না পাওয়ার কারণে উন্নয়ন বাজেটে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি।

**২.২ বর্তমান অর্থ বছরের বাজেট ঃ**

বর্তমানে বিশ্বজুড়ে কোভিড-১৯ সংক্রমন এবং রাশিয়া ও ইউক্রেন যুদ্ধের কারনে অনেক দেশ আর্থিক মন্দার সম্মুখীন হয়েছে, কিন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আন্তরিক প্রচেষ্টায় উন্নয়ন কর্মকান্ডের সকল চলমান প্রকল্পে বরাদ্দ কিছুটা কমিয়ে প্রকল্পগুলো চলমান রেখেছে এজন্য সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করছি। একই সঙ্গে আমি আন্তরিক দুঃখ প্রকাশ করছি যারা খুলনা মহানগর থেকে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন, তাদের শোকসন্তপ্ত পবিরারের প্রতি আমি আন্তরিক ভাবে সমবেদনা জ্ঞাপন করছি। ২০২২-২০২৩ অর্থ বছরে বাজেটের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৮৬১ কোটি ০৬ লক্ষ ২৭ হাজার টাকা। বাজেটের রাজস্ব ব্যয় ১৯২ কোটি ১১ লক্ষ ৩৮ হাজার টাকা এবং সরকারি বরাদ্দ ও উন্নয়ন সহযোগি সংস্থা হতে উন্নয়ন খাতে ব্যয় ধরা হয়েছে ৬৬৮ কোটি ৯৪ লক্ষ ৮৯ হাজার টাকা, নিজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা, সরকার ও বিভিন্ন দাতা সংস্থার প্রতিশ্রুতি এবং জনগণের প্রত্যাশার বিষয়টি বিবেচনায় নিয়ে এ বাজেট প্রণয়ন করা হয়েছে।

**২.৩ বাজেটের মূল বৈশিষ্টগুলো হচ্ছে ঃ**

(ক) এ বাজেটে নতুন কোন কর আরোপ করা হয়নি। বকেয়া পৌরকর আদায়, নবনির্মিত সকল স্থাপনার উপর প্রচলিত নিয়মে কর ধার্য্য এবং নিজস্ব আয়ের উৎস সম্প্রসারণ যেমন-মার্কেট, দোকানঘর, আয়বর্ধক স্থাপনা নির্মাণ ও কর্পোরেশন সীমানা সম্প্রসারণ এর মাধ্যমে কর্পোরেশনের আয় বৃদ্ধির পরিকল্পনা নেয়া হয়েছে।

(খ) এটি একটি উন্নয়নমুখী বাজেট। এ বাজেটে শহরের সড়ক ও ড্রেনেজ তথা জলাবদ্ধতা নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের জন্য প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া স্বাস্থ্য খাত ও বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে বাজেটে গুরুত্ব আরোপ করা হয়েছে। অবকাঠামো উন্নয়নের সাথে এগুলো রক্ষণাবেক্ষণের উপর এ বাজেটে বিশেষ বরাদ্দ রাখা হয়েছে।

(গ) এ বাজেটে নাগরিক সেবা সম্প্রসারণ ও সেবার মান উন্নীত করার পরিকল্পনা নেয়া হয়েছে।

(ঘ) এ বাজেটে অনগ্রসর জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন, পার্ক, ধর্মীয় উপাসনালয়, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং কেসিসি'র বিভিন্ন দপ্তর আধুনিক প্রযুক্তির আওতায় আনা ও জবাবদিহিতা বৃদ্ধি করার উপর গুরুত্ব দেয়া হয়েছে।

(ঙ) এ বাজেটে কোভিড-১৯ রোগ প্রতিরোধে মশক নিধন এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে।

(চ) জলবায়ু পরিবর্তন জনিত কারণে যে ক্ষতি নিয়মিত হচ্ছে তা মোকাবেলা, অবকাঠামো গড়ে তোলা এবং ক্ষতিগ্রস্থ মানুষদের স্বনির্ভর করে গড়ে তোলাসহ বস্তি এলাকার রাস্তাঘাট, ড্রেন, ল্যাট্রিনসহ শিক্ষারমান সম্প্রসারন করার দিক নির্দেশনা এ বাজেটে আছে।

৩। **প্রিয় নগরবাসী,**

এখন আমি বর্তমান অর্থ বছরের বাজেটের কিছু উল্লেখযোগ্য দিকের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। খুলনা সিটি কর্পোরেশনের নিয়মিত ও মাস্টার রোল কর্মচারীদের বেতন-ভাতা বৃদ্ধিজনিত কারণে কর্পোরেশনের সংস্থাপন ব্যয় প্রতিবছরই বাড়ছে। নিজস্ব সংস্থাপন ব্যয় মিটিয়ে এবং ব্যয় সংকোচন করে নগরীর বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য রাজস্ব খাত থেকে এ বাজেটে ৫৬ কোটি ৩১ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। রাজস্ব খাত থেকে উন্নয়ন খাতে ৪২ কোটি ৩৭ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং অবকাঠামো ও রাস্তা-ঘাট উন্নয়নের সাথে সাথে এগুলো রক্ষণাবেক্ষণের জন্য আমরা এ বাজেটে রাজস্ব তহবিল থেকে ১৩ কোটি ৯৪ লক্ষ টাকা বরাদ্দ রেখেছি। মানববর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন এবং মশক নিধনের জন্য কঞ্জারভেন্সি খাতে ১৪ কোটি ৮৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ বাজেট যথাযথ বাস্তবায়ন হলে আপনাদের কাঙ্খিত চাহিদা বহুলাংশে পূরণ করা সম্ভব হবে বলে আমি আশাবাদ ব্যক্ত করছি।

৩.১ **বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি-থোক ও বিশেষ বরাদ্দ) ঃ**

এ বছর উন্নয়ন বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) জন্য থোক বরাদ্দ রাখা হয়েছে ৬০ কোটি টাকা। উক্ত থোক বরাদ্দ থেকে পূর্ত খাতে ২৯ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে, নগরীতে বিশুদ্ধ পানি সরবরাহের দায়িত্ব খুলনা ওয়াসার হলেও বিশেষ প্রয়োজনে নগরবাসীর দুর্ভোগের কথা চিন্তা করে জরুরী পানির চাহিদা মেটানোর জন্য গভীর ও অগভীর নলকূপকে সাবমারসিবল পাম্পে রূপান্তর করার জন্য এ খাতে ৭৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। ভেটেরিনারি খাতে ৫০ লক্ষ টাকা, জনস্বাস্থ্য খাতে ১০ কোটি ২৭ লক্ষ টাকা, কঞ্জারভেন্সি খাতে ১৮ কোটি ৮৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। চাহিদা অনুযায়ী বরাদ্দ পাওয়া গেলে কাঙ্খিত উন্নয়ন সম্ভব হবে বলে আমি মনে করি।

৩.২ **উন্নয়ন প্রকল্প (জাতীয় এডিপিভুক্ত) ঃ**

২০২২-২০২৩ অর্থ বছরে জাতীয় এডিপিতে কেসিসি'র ৩টি প্রকল্পে ৪২২ কোটি ৭৪ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। যা চলতি অর্থ বছরে পাওয়া যাবে। প্রকল্পগুলি হচ্ছে ঃ

১। **খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ও ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত ও উন্নয়ন প্রকল্প ঃ-** এ প্রকল্পটি ২০১৮-১৯ অর্থ বছর থেকে ২০২২-২৩ সালের মধ্যে বাস্তবায়ন করা হবে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬০৭ কোটি ৫৬ লক্ষ ৭২ হাজার টাকা। বর্তমান অর্থ বছরে এ প্রকল্পেও ২০২ কোটি ৬ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ অর্থ দিয়ে নগরীর ক্ষতিগ্রস্থ রাস্তাসহ নতুন-পুরাতন রাস্তার ব্যাপক উন্নয়ন সাধিত হচ্ছে।

২। **খুলনা মহানগরীতে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প ঃ-** প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৮২৩ কোটি ৭৯ লক্ষ ০৬ হাজার টাকা যা ২০১৮-১৯ অর্থ বছর থেকে ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত সময়ের মধ্যে বাস্তবায়ন হবে। ২০২২-২৩ অর্থ বছরে ১২০ কোটি ৬৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ অর্থ দিয়ে খুলনা মহানগরীর ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নে ব্যয় করা হচ্ছে। জলাবদ্ধতা থেকে মহানগরবাসী যাতে পরিত্রাণ পায় এ ব্যবস্থা আমি করবো, এটা আমার নির্বাচনের পূর্বের অঙ্গিকার।

৩। **খুলনা সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থার উন্নয়ন প্রকল্প ঃ-** প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৯৩ কোটি ৪০ লক্ষ ৬০ হাজার টাকা যা জানুয়ারী ২০২১-২২ অর্থ বছর হতে ২০২৩-২৪ অর্থ বছর পর্যন্ত সময়ের মধ্যে বাস্তবায়ন হবে। ২০২২-২৩ অর্থ বছরে ১০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ অর্থ দিয়ে খুলনা মহানগরীর বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে ব্যয় করা হবে।

**৩.৩ প্রস্তাবিত জাতীয় এডিপি ভুক্ত প্রকল্প ঃ-** প্রস্তাবিত জাতীয় এডিপিভূক্ত ০১টি প্রকল্প অনুমোদনের অপেক্ষায় আছে, বিবরণ নিম্নে দেয়া হলো ঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ/নং | প্রকল্পের নাম | সম্ভাব্য বরাদ্দ |
|---|---|---|
| ১ | খুলনা সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন | (১৫০০০০.০০) |

প্রকল্পগুলি অনুমোদিত হলে এবং বরাদ্দ পাওয়া গেলে আগামী সংশোধিত বাজেটে দেখানো হবে।

৪। **সম্মানিত সুধীবৃন্দ ঃ**

খুলনা মহানগরীর সার্বিক উন্নয়ন ও জনগণের কল্যাণের জন্য আমরা সরকারের পাশাপাশি World Bank, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB), জার্মান ডেভেলপমেন্ট ব্যাংক (KFW), UNDP, UNICEF, Bill & Melinda Gates Foundation, জার্মান উন্নয়ন সহযোগী সংস্থা (GIZ), এ সকল উন্নয়ন সহযোগিদের সঙ্গে কাজ করি। তারাও আমাদের প্রতি সহযোগিতার হাত প্রসারিত করেছে। বর্তমানে বিভিন্ন দাতা সংস্থার ১৬ টি উন্নয়ন প্রকল্প খুলনা সিটি কর্পোরেশন এলাকায় চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে এসব প্রকল্পে ১৮৬ কোটি ২০ লক্ষ ৮৯ হাজার টাকার উন্নয়ন সহায়তা পাওয়া যাবে মর্মে আশা করা হচ্ছে। আপনাদের সকলের জ্ঞাতার্থে প্রকল্পগুলোর সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করছি।

(১) **প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন ঃ** নগরীর দরিদ্র জনগণের উন্নয়নে বস্তি এলাকায় রাস্তা, ড্রেন, কালভার্ট, টয়লেট নির্মাণ ও উন্নয়নের পরিকল্পনা নেয়া হয়েছে এবং দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রীদের আর্থিক সহায়তা ও পুস্তক ক্রয়ের সহায়তা প্রদান করা হবে। এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ২ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এর ফলে নগরীর স্বল্প আয়ের মানুষের জীবনযাত্রার মানের উন্নয়ন ঘটবে বলে আশা করছি।

(২) **নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প-২ (CRDP-2) ঃ** এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB) এ প্রকল্পের অর্থ দাতা। ইতোমধ্যে নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প-১ এর কাজ শেষ হয়েছে। নগর অঞ্চল প্রকল্প-২ এর কাজ বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থ বছরে ৭৬ কোটি ৮ লক্ষ ০৪ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। যা দিয়ে রাজবন্ধ ট্রেনসিং গ্রাউন্ড-১ এবং শলুয়া-তে আধুনিক কন্ট্রোল ডাম্পিং পয়েন্ট তৈরী করা হবে। উক্ত ডাম্পিং পয়েন্টের বর্জ্য হতে কম্পোষ্ট সার, বিদ্যুৎ, জ্বালানী উৎপন্ন হবে।

(৩) **সিটিওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন এনগেজমেন্ট ইন খুলনা সিটি(SNV) ঃ** Bill & Melinda Gates Foundation এর অর্থায়নে নেদারল্যান্ড এর উন্নয়ন সংস্থা SNV দ্বারা বাংলাদেশের দক্ষিণ অঞ্চলের কয়েকটি শহরে মানববর্জ্য ব্যবস্থাপনায় উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে খুলনা সিটি কর্পোরেশনের রাজবন্ধ ট্রেন্সিং গ্রাউন্ডে একটি আধুনিক মানববর্জ্য পরিশোধনাগার নির্মাণ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নকারী জনপ্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারী, CDC এবং সুইপারদের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে এ প্রকল্পে ২৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। যার দ্বারা মানববর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশ উন্নয়নের জন্য জনসচেতনা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম এবং নগরীতে পাবলিক টয়লেট নির্মাণের লক্ষ্যে বিভিন্ন কার্য্যক্রম গ্রহণ করা হবে।

(৪) **এনগেজিং মাল্টি সেক্টরাল পার্টনার্স ফর ক্রিয়েটিং অপরচুনিটিজ ইমপ্রুভিং ওয়েলবিয়িং এন্ড রিলিজিং রাইটস্ অব দি আরবান পুওর প্রকল্প ঃ** প্রকল্পটি ব্রাক এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ১০ লক্ষ ৮১ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত নিম্ন আয়ের মানুষদের আবাসন নির্মাণকল্পে এ অর্থ ব্যয় করা হবে।

(৫) **লাইভষ্টক ডেইরি ডেভেলপমেন্ট প্রজেক্ট ঃ** এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ২০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে আধুনিক কসাইখানা নির্মাণ করা হবে। এ প্রকল্প মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের কারিগরি সহায়তায় এবং ওয়ার্ল্ড ব্যাংকের আর্থিক সহায়তায় বাস্তবায়িত হবে। এখানে প্রতিদিন অটোমেশিনের মাধ্যমে প্রাণী জবাই এবং ড্রেসিং কার্যক্রম পরিচালিত হবে। এর ফলে যত্রতত্র পরিবেশ দূষণ রোধ করা সম্ভব হবে বলে আশা করছি।

(৬) **জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় খুলনা সিটি কর্পোরেশন এলাকায় জলাবদ্ধতা নিরসন ও উন্নয়ন প্রকল্প ঃ** এ প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ১কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে জলাবদ্ধতা নিরসনকল্পে লবণচরা-২ নং স্লুইচগেটের খালপাড় রোড উন্নয়ন ও সোনাডাঙ্গা সোলার পার্কের পুকুর সংরক্ষণকল্পে পুকুরের চারপাশে গ্রীল নির্মাণ করা হবে।

(৭) **ফিজিবিলিটি ষ্টাডি ওয়াটার এ্যাজ লিভারেজ নেদারল্যান্ড সরকার ঃ** এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ অর্থ দিয়ে ময়ূরী নদীসহ সংযুক্ত খাল সংরক্ষণ করে জলাবদ্ধতা দূরীকরণ ও খাল-কে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনতে নেদারল্যান্ড সরকারের আর্থিক সহায়তায় ফিজিবিলিটি ষ্টাডির কাজ চলমান আছে।

(৮) **ভারত সরকারের অর্থায়নে খুলনা শহরে বিভিন্ন এলাকায় কৃষি মার্কেট, পার্ক, কম্পিউটার ল্যাব, ওয়াই-ফাই জোন নির্মাণ প্রকল্প** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ৪৯ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ অর্থ দিয়ে খুলনা শহরের বিভিন্ন ঘনবসতি এলাকায় ভারত সরকারের আর্থিক সহায়তায় কৃষি মার্কেট, পার্ক ও বস্তিবাসীদের জীবনমান উন্নয়নে ওয়াই-ফাই জোন স্থাপনের জন্য প্রকল্প প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৯) **ক্লাইমেট ব্রীজ ফান্ড (KFW-BRAC)** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ১ কোটি ৭৯ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। জার্মান ডেভেলপমেন্ট ব্যাংক (KFW) এর আর্থিক সহায়তায় BRAC বস্তি এলাকায় জীবনমান উন্নয়নে কাজ করবে।

(১০) **হেলদি সিটি খুলনা আন্ডার আরবান লীড প্রোগ্রাম, ওয়াল্ড হেলথ অরগানাইজেশন (WHO)** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ৬৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার আর্থিক সহায়তায় স্বাস্থ্য মন্ত্রণালয় ও কেসিসি'র সহযোগিতায় খুলনা শহরকে স্বাস্থ্যকর শহরে রূপান্তরের জন্য সভা, সেমিনার আয়োজনের মধ্য দিয়ে প্রকল্প গ্রহণের সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করি।

(১১) **ক্যাপেক্স মডেল ৯৬৫ KW (AC) ফ্লোটিং এন্ড রুফটপ সোলার পাওয়ার প্লান্ট আন্ডার সিটি কর্পোরেশন (ভারতীয় সরকারের অর্থায়নে)** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ১০ কোটি ৫৫ লক্ষ ২০ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। ভারত সরকারের অর্থায়নে ভাসমান সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন এবং কেসিসি'র ভবনগুলোতে বিদ্যুৎ চাহিদা মিটিয়ে অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করে দেশের বিদ্যুৎ সাশ্রয়ে সক্রিয় ভূমিকা রাখবে বলে আশা করি।

(১২) **3R ইনেটেটিভ পাইলট প্রোজেক্ট ফেস-1 এ্যাট মাথাভাঙ্গা** ঃ জলবায়ু ট্রাস্ট ফান্ডের আওতায় এ প্রকল্পে ২০২২-২৩ অর্থ বছরে ৩ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। যা দিয়ে নগরীর বর্জ্য পরিশোধন প্লান্ট স্থাপনের মধ্য দিয়ে শহরের পরিবেশ উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

(১৩) **সাসটেন্টেবেল ক্যাপাসিটি বিল্ডিং টু রিডিউস ইরিভারসেভেল পপুলেশন বাই প্লাস্টিক প্রজেক্ট** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ৪ কোটি ৬৭ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ প্রকল্পের অর্থ দিয়ে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন সহ একটি সচেতনতা কেন্দ্র স্থাপন করা হবে।

(১৪) **ইমপ্রুভ কোওরডিনেশন অফ ইন্টারন্যাশনাল ক্লাইমেট ফাইন্যান্স** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ১০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ প্রকল্পের অর্থ দিয়ে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ইন্টারন্যাশনাল ক্লাইমেট ফান্ড এর সাথে কেসিসি'র প্রকল্প প্রস্তাবনা নিয়ে সমন্বয় করা হবে।

(১৫) **আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২** ঃ এ প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ৮ কোটি ৮৪ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ প্রকল্পের অর্থ দিয়ে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় নগরবাসীর প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হবে।

(১৬) **ক্লাইমেট চেঞ্জ এডাপটেড আরবান ডেভেলপমেন্ট প্রকল্প** ঃ এ প্রকল্পে প্রাক্কলিত মূল্য ৪৯৭ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরে উক্ত প্রকল্পে ৫০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ প্রকল্পের অর্থ দিয়ে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় শহর রক্ষা বাধ, জলাশয় সংরক্ষণ, খাল খনন, ড্রেনেজ ব্যবস্থাপনার উন্নয়ন করা হবে।

**৫। সুপ্রিয় সুধীবৃন্দ ঃ**

খুলনা মহানগরীকে সর্বাঙ্গীন সুন্দর তিলোত্তমা নগরীতে পরিণত করতে আমাদের আন্তরিকতা এবং প্রচেষ্টার কোন ঘাটতি নেই। যে কোন উন্নয়নের জন্য প্রয়োজন অর্থের। অর্থ সংস্থানের জন্য একটি স্ব-শাসিত প্রতিষ্ঠান হিসেবে খুলনা সিটি কর্পোরেশন শুধুমাত্র সরকারী বা বিদেশী সাহায্য ও ঋণের উপর নির্ভরশীল হয়ে থাকতে পারে না। তাকে নিজস্ব আয়ের উপর নির্ভর করে নিজের পায়ে দাঁড়ানোর চিন্তা করতে হবে। এটা আজ সময়ের দাবি। এজন্য প্রয়োজন সকল শ্রেণীর নাগরিকের পরিপূর্ণ আন্তরিকতা ও সহযোগিতা। কর্পোরেশনের যেমন দায়িত্ব রয়েছে নগরবাসীর নাগরিক স্বাচ্ছন্দের ব্যবস্থা করা, তেমনিভাবে নাগরিকদেরও কর্তব্য রয়েছে কর্পোরেশনকে তার কাজে সার্বিক সহযোগিতার হাত প্রশস্ত করা। তাই আমি আপনাদের মাধ্যমে কর্পোরেশনের উন্নয়ন কর্মকান্ডকে এগিয়ে নেয়ার জন্য নিয়মিত কর পরিশোধসহ উন্নয়ন কর্মকান্ডে সর্বাত্মক সহায়তা করার জন্য খুলনা মহানগরবাসীকে আহবান জানাই।

**আল্লাহ হাফেজ**

তারিখ ঃ ২৮ জুলাই ২০২২ খ্রিঃ।

**তালুকদার আব্দুল খালেক**
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

# খুলনা সিটি কর্পোরেশনের ২০২১-২২ অর্থ বছরের
## সংশোধিত বাজেটের আয় ও ব্যয়ের প্রধান প্রধান খাত

(লক্ষ টাকায়)

| নং | আয় খাত | টাকা |
|---|---|---|
| ১ | গৃহ মূল্যায়ন বিষয়ক বার্ষিক কর ও রেট্স | ৩৮,৭১.৪৬ |
| ২ | স্থাবর সম্পত্তি হস্তান্তর কর | ১৩,৩৭.০০ |
| ৩ | পেশা ব্যবসা ও বিজ্ঞাপন কর | ৬,৯৩.৮৬ |
| ৪ | ইজিবাইক/অন্যান্য যানবাহন কর | ৩,৩৭.৯০ |
| ৫ | রিক্সা মালিকানা কর | ৭.১১ |
| ৬ | প্রিমিসেস রেজিস্ট্রেশন | ১.৫৬ |
| ৭ | বাজার ও পশুর হাট হতে টোল আদায় | ৩,১১.৯৬ |
| ৮ | সুপার মার্কেটের দোকান ঘরের সেলামী | ৩৮.১৪ |
| ৯ | কসাইখানা হতে আয় | ১৭.৬০ |
| ১০ | এন্টিরেভিস ভ্যাকসিন | ১৪.৫৭ |
| ১১ | রিক্সা ও অযান্ত্রিক চালক লাইসেন্স ফি | ১.৩৭ |
| ১২ | হল ও পার্ক হতে প্রাপ্ত ভাড়া | ২.০৯ |
| ১৩ | পাবলিক হলের চত্বর ভাড়া | ০.০০ |
| ১৪ | ঠিকাদারী লাইসেন্স ফি | ২৩.৫৮ |
| ১৫ | পরোয়ানা ও নাম পত্তন ফি | ১৪.৫৬ |
| ১৬ | সারচার্জ | ০.০০ |
| ১৭ | বহুতল ভবন নির্মাণে অনাপত্তি ফি | ১.৫৪ |
| ১৮ | নির্মাণ সামগ্রী টেষ্টিং ফি | ১,২৪.২১ |
| ১৯ | পোষা প্রাণীর উপর আরোপিত কর | ০.০২ |
| ২০ | জরিমানা | ৩.৩২ |
| ২১ | নগর শুল্কের পরিবর্তে ক্ষতিপূরণ অনুদান | ১,১০.৭২ |
| ২২ | রাস্তা কাটা ক্ষতিপূরণ অনুদান | ১,২৪.৭৭ |
| ২৩ | ব্যাংকে গচ্ছিত তহবিলের সুদ | ৩,৬৪.৪০ |
| ২৪ | টেন্ডার ফরম বিক্রয় | ২.১৫ |
| ২৫ | এ্যাসফল্ট প্লান্ট হতে আয় | ১,১৪.১৯ |
| ২৬ | ইকুইপমেন্টস ভাড়া | ২৩.০৮ |
| ২৭ | বাস ও ট্রাক টার্মিনাল হতে আয় | ২,৫০.০৩ |
| ২৮ | পূর্ব ও পশ্চিম রূপসা বাস টার্মিনাল হতে আয় | ৪.৭৯ |
| ২৯ | জন্ম-মৃত্যু রেজিষ্ট্রেশন বাবদ আয় | ৭.৯১ |
| ৩০ | বেতন ও অগ্রিম ফেরৎ | ০.৮৫ |
| ৩১ | লিজ ও পুরাতন মালামাল বিক্রয় | ১,০৯.৫৬ |
| ৩২ | সম্পত্তি হতে আদায়কৃত খাজনা ও ভাড়া | ১,১৭.২৬ |
| ৩৩ | কবরখানা, শ্মশানঘাট ও কবর বাঁধাই হতে আয় | ৭৫.৪৭ |
| ৩৪ | দাতব্য চিকিৎসালয় ও মেটারনিটি হাসপাতাল হতে আয় | ০.০০ |
| ৩৫ | জামানত বাজেয়াপ্ত হতে আয় | ০.০০ |
| ৩৬ | কেসিসি পেট্রোলিয়াম হতে আয় | ৮৮.১৬ |
| ৩৭ | পুরাতন ইট ব্যবহারের কারণে ঠিকাদারের নিকট থেকেআয় | ৩৫.৭৯ |
| ৩৮ | খেয়াঘাট হতে আয় | ৯৬.০৮ |
| ৩৯ | স্বাস্থ্য বিভাগ হতে অন্যান্য আয় | ১৭.৮৪ |
| ৪০ | ঠিকাদার ও হোল্ডিং মালিকদের চাহিদার প্রেক্ষিতে রাবিশ ও মাটি অপসারণ হতে আয় | ০.০০ |
| ৪১ | ময়রার বগি ভাড়া | ১৪.১৭ |
| ৪২ | অন্যান্য আয় | ৪৪.৫৫ |
| | **মোট রাজস্ব তহবিলের আয়** | ৮৪,০৩.৬২ |
| | প্রারম্ভিক স্থিতি | ৮১,৩৭.০৯ |
| | **সর্বমোট রাজস্ব তহবিলের আয়** | **১৬৫,৪০.৭১** |
| ১। | সরকারি অনুদান ২য় অংশ ও চলামন প্রকল্প | ২৫৬,৯৭.৫৩ |
| ২। | বিশেষ প্রকল্প | ২৮,২৬.৬৭ |
| | মোট | ২৮৫,২৪.২০ |
| | প্রারম্ভিক স্থিতি | ০.০০ |
| | **মোট উন্নয়ন তহবিল** | ২৮৫,২৪.২০ |
| | **সর্বমোট আয়** | ৪৫০,৬৪.৯১ |

| নং | ব্যয় খাত | টাকা |
|---|---|---|
| ১ | মেয়র মহোদয় ও কাউন্সিলরদের সম্মানী এবং কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতা এবং অফিস আনুসাঙ্গিক | ৬৩,৫৪.৩৭ |
| ২ | কেসিসি পেট্রোলিয়াম পরিচালন ব্যয় | ২১.৮৪ |
| | বিবিধ ব্যয় | ২৭.২৬ |
| | **মোট সংস্থাপন ব্যয়** | **৬৪,০৩.৪৭** |
| ৩ | **উন্নয়ন ঃ** | |
| | ৩.১ যোগাযোগ | ১,০৬.৯০ |
| | ৩.২ বিএমডিএফ প্রকল্প | ১,০৪.২৮ |
| | ৩.৩ অবকাঠামো নির্মাণ | ৯.৪৮ |
| | ৩.৪ রাজধানীতে খুলনা ভবন নির্মাণ ও লিয়াজো অফিস ভাড়া | ০.০০ |
| | ৩.৫ সড়ক বাতি ও ডিজিটাল সেবা | ৬.২৩ |
| | ৩.৬ শিক্ষা | ১,২৭.১৫ |
| | ৩.৭ ক্রীড়া ও সংস্কৃতি | ০.০০ |
| | ৩.৮ সমাজ কল্যাণ | ১,৩৫.২০ |
| | ৩.৯ পরিবেশ উন্নয়ন | ৩.২৫ |
| | ৩.১০ জনস্বাস্থ্য | ৩৮.৬৭ |
| | ৩.১১ কঞ্জারভেন্সি | ৬,৭৫.২০ |
| | ৩.১২ ভেটেরিনারি | ১.০৮ |
| | | **১২,০৭.৪৪** |
| ৪ | **রক্ষণাবেক্ষণ ঃ** | |
| | ৪.১ যোগাযোগ খাত | ৬৪.৬১ |
| | ৪.২ বিভিন্ন অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৬৮.৮৩ |
| | ৪.৩ সড়ক বাতি ও ডিজিটাল সেবা রক্ষণাবেক্ষণ | ৬৭.৪৭ |
| | ৪.৪ পরিবেশ সংরক্ষণ | ০.৫০ |
| | ৪.৫ বাজার ও কসাইখানা রক্ষণাবেক্ষণ | ২.০০ |
| | ৪.৬ কবরখানা ও শশ্মানঘাট রক্ষনাবেক্ষণ | ০.০০ |
| | | ২,০৩.৪১ |
| | **মোট উন্নয়ন ব্যয়** | |
| ৫ | **মূলধন হিসাব** | |
| | (১) ঋণ প্রদান | ০.০০ |
| | (২) ব্যাংক চার্জ | ২৫.০০ |
| | | **২৫.০০** |
| | **মোট রাজস্ব তহবিলের ব্যয়** | ৭৮,৩৯.৩২ |
| | সমাপনী স্থিতি | ৮৭,০১.৩৯ |
| | **সর্বমোট রাজস্ব তহবিলের ব্যয়** | **১৬৫,৪০.৭১** |
| | উন্নয়ন তহবিল ঃ | |
| | সরকারি অনুদান ২য় অংশ ও চলামন প্রকল্প | ২৫৬,৯৭.৫৩ |
| | বিশেষ প্রকল্প | ২৮,২৬.৬৭ |
| | **মোট উন্নয়ন তহবিলের ব্যয়** | ২৮৫,২৪.২০ |
| | সমাপনী স্থিতি | ০.০০ |
| | মোট উন্নয়ন তহবিল | ২৮৫,২৪.২০ |
| | **সর্বমোট ব্যয়** | ৪৫০,৬৪.৯১ |

# এক নজরে
## খুলনা সিটি কর্পোরেশনের
## অনুমোদিত বাজেট ২০২২-২৩

### আয়

| রাজস্ব তহবিল | | (লক্ষ টাকায়) |
|---|---|---|
| প্রারম্ভিক স্থিতি | | ১০৫,০৯.৯৯ |
| | | ৮৭,০১.৩৯ |
| উন্নয়ন প্রকল্পে সরকারি অনুদান | মোট | **১৯২,১১.৩৮** |
| বিশেষ প্রকল্পে অনুদান | | ৪৮২,৭৪.০০ |
| | | ১৮৬,২০.৮৯ |
| প্রারম্ভিক স্থিতি | মোট | ৬৬৮,৯৪.৮৯ |
| | | ০.০০ |
| | | ৬৬৮,৯৪.৮৯ |
| | সর্বমোট | **৮৬১,০৬.২৭** |

### ব্যয়

| রাজস্ব তহবিল | | (লক্ষ টাকায়) |
|---|---|---|
| সমাপনী স্থিতি | | ১৭৮,৯৯.৬৬ |
| | | ১৩,১১.৭২ |
| উন্নয়ন প্রকল্পে সরকারি অনুদান | মোট | **১৯২,১১.৩৮** |
| বিশেষ প্রকল্পে অনুদান | | ৪৮২,৭৪.০০ |
| | | ১৮৬,২০.৮৯ |
| | মোট | **৬৬৮,৯৪.৮৯** |
| | সর্বমোট | **৮৬১,০৬.২৭** |

# খুলনা সিটি কর্পোরেশনের ২০২২-২৩ অর্থ বছরের
## অনুমোদিত বাজেটের আয় ও ব্যয়ের প্রধান প্রধান খাত।

(লক্ষ টাকায়)

| নং | আয় খাত | টাকা |
|---|---|---|
| ১ | গৃহ মূল্যায়ন বিষয়ক বার্ষিক কর ও রেট্স | ৩৯,০০.০০ |
| ২ | স্থাবর সম্পত্তি হস্তান্তর কর | ১৫,০০.০০ |
| ৩ | পেশা ব্যবসা ও বিজ্ঞাপন কর | ৮,০৫.০০ |
| ৪ | ইজিবাইক/অন্যান্য যানবাহন কর | ১,৯৫.০০ |
| ৫ | রিক্সা মালিকানা কর | ৭.০০ |
| ৬ | প্রিমিসেস রেজিস্ট্রেশন | ২.০০ |
| ৭ | বাজার ও পশুর হাট হতে টোল আদায় | ৩,২৫.০০ |
| ৮ | সুপার মার্কেটের দোকান ঘরের সেলামী | ১,০০.০০ |
| ৯ | কসাইখানা হতে আয় | ২০.০০ |
| ১০ | এন্টিরেভিস ভ্যাকসিন | ১.০০ |
| ১১ | রিক্সা ও অযান্ত্রিক চালক লাইসেন্স ফি | ১.৫০ |
| ১২ | হল ও পার্ক হতে প্রাপ্ত ভাড়া | ৪.০০ |
| ১৩ | পাবলিক হলের চত্বর ভাড়া | ১০.০০ |
| ১৪ | ঠিকাদারী লাইসেন্স ফি | ৪০.০০ |
| ১৫ | পরোয়ানা ও নাম পত্তন ফি | ১৫.০০ |
| ১৬ | সারচার্জ | ১.০০ |
| ১৭ | বহুতল ভবন নির্মাণে অনাপত্তি ফি | ১.৫০ |
| ১৮ | নির্মাণ সামগ্রী টেষ্টিং ফি | ৮০.০০ |
| ১৯ | পোষা প্রাণীর উপর আরোপিত কর | ০.২০ |
| ২০ | জরিমানা | ৬.৭৫ |
| ২১ | নগর শুল্কের পরিবর্তে ক্ষতিপূরণ অনুদান | ২,০০.০০ |
| ২২ | রাস্তা কাটা ক্ষতিপূরণ অনুদান | ৫,০০.০০ |
| ২৩ | ব্যাংকে গচ্ছিত তহবিলের সুদ | ১,৫০০.০০ |
| ২৪ | টেন্ডার ফরম বিক্রয় | ১.০০ |
| ২৫ | এ্যাসফল্ট প্লান্ট হতে আয় | ২,০০.০০ |
| ২৬ | ইকুইপমেন্টস ভাড়া | ১২.০০ |
| ২৭ | বাস ও ট্রাক টার্মিনাল হতে আয় | ৩,০০.০০ |
| ২৮ | পূর্ব ও পশ্চিম রূপসা বাস টার্মিনাল হতে আয় | ১০.০০ |
| ২৯ | জন্ম-মৃত্যু রেজিষ্ট্রেশন বাবদ আয় | ০.০০ |
| ৩০ | বেতন ও অগ্রিম ফেরৎ | ১২.০০ |
| ৩১ | লিজ ও পুরাতন মালামাল বিক্রয় | ৯৬.০০ |
| ৩২ | সম্পত্তি হতে আদায়কৃত খাজনা ও ভাড়া | ১,৫০.০০ |
| ৩৩ | কবরখানা, শ্মশানঘাট ও কবর বাঁধাই হতে আয় | ১,০০.৫০ |
| ৩৪ | দাতব্য চিকিৎসালয় ও মেটারনিটি হাসপাতাল হতে আয় | ২.৫০ |
| ৩৫ | জামানত বাজেয়াপ্ত হতে আয় | .০৪ |
| ৩৬ | কেসিসি পেট্রোলিয়াম হতে আয় | ৯৫.০০ |
| ৩৭ | পুরাতন ইট ব্যবহারের কারণে ঠিকাদারের নিকট থেকে আয় | ১,০০.০০ |
| ৩৮ | খেয়াঘাট হতে আয় | ৮০.০০ |
| ৩৯ | স্বাস্থ্য বিভাগ হতে অন্যান্য আয় | ৫.০০ |
| ৪০ | ঠিকাদার ও হোল্ডিং মালিকদের চাহিদার প্রেক্ষিতে রাবিশ ও মাটি অপসারণ হতে আয় | ৫.০০ |
| ৪১ | ময়রার বগি ভাড়া | ১৫.০০ |
| ৪২ | জাতীয় ও অন্যান্য দিবসের ব্যয় সমন্বয় | ১০.০০ |
| ৪৩ | এ্যাম্বুলেন্স ভাড়া হতে আয় | ১.০০ |
| ৪৪ | অন্যান্য আয় | ১,০০.০০ |
| | মোট রাজস্ব তহবিলের আয় | ১০৫,০৯.৯৯ |
| | প্রারম্ভিক স্থিতি | ৮৭,০১.৩৯ |
| | সর্বমোট রাজস্ব তহবিলের আয় | ১৯২,১১.৩৮ |
| ১। | উন্নয়ন মূলক কাজে সরকারি অনুদান | ৪৮২,৭৪.০০ |
| ২। | বিশেষ প্রকল্প | ১৮৬,২০.৮৯ |
| | মোট উন্নয়ন তহবিলের আয় | ৬৬৮,৯৪.৮৯ |
| | প্রারম্ভিক স্থিতি | ০.০০ |
| | মোট | ৬৬৮,৯৪.৮৯ |
| | সর্বমোট আয় খাত | ৮৬১,০৬.২৭ |

| নং | ব্যয় খাত | টাকা |
|---|---|---|
| ১ | মেয়র মহোদয় ও কাউন্সিলরদের সম্মানী এবং কর্মকর্তা/ কর্মচারীদের বেতন ও অন্যান্য ভাতা | ১২০,২৩.৬৬ |
| ২ | বিবিধ ব্যয় | ১,৯৪.৫০ |
| | মোট সংস্থাপন ব্যয় | ১২২,১৮.১৬ |
| ৩ | উন্নয়ন ঃ | |
| | ৩.১ যোগাযোগ (বিভিন্ন রাস্তা,ড্রেন,ফুটপাথ ইত্যাদি উন্নয়ন) | ৬,০০.০০ |
| | ৩.২ বিএমডিএফ ও অন্যান্য প্রকল্পের ম্যাচিং ফান্ড ও কিস্তি পরিশোধ | ৪,০০.০০ |
| | ৩.৩ অবকাঠামো নির্মাণ | ৩,৬০.০০ |
| | ৩.৪ রাজধানীতে খুলনা ভবন নির্মাণ/ কেসিসি লিয়াঁজো অফিস স্থাপন ও পরিচালন | ২১.০০ |
| | ৩.৫ সড়ক বাতি ও ডিজিটাল সেবা | ৯৮.৫০ |
| | ৩.৬ শিক্ষা | ২,৯৬.০০ |
| | ৩.৭ ক্রীড়া ও সংস্কৃতি | ৮২.০০ |
| | ৩.৮ সমাজ কল্যাণ | ৩,৬৩.০০ |
| | ৩.৯ পরিবেশ | ৮৮.০০ |
| | ৩.১০ জনস্বাস্থ্য | ৩,৫০.০০ |
| | ৩.১১ কঞ্জারভেন্সি | ১৪,৮৮.০০ |
| | ৩.১২ ভেটেরিনারি | ৯১.০০ |
| | | ৪২,৩৭.৫০ |
| ৪ | রক্ষণাবেক্ষণ ঃ | |
| | ৪.১ যোগাযোগ (বিভিন্ন রাস্তা,ড্রেন,ফুটপাথ ইত্যাদি রক্ষণাবেক্ষণ) | ২,৩০.০০ |
| | ৪.২ বিভিন্ন অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৩,৯০.০০ |
| | ৪.৩ সড়ক বাতি ও ডিজিটাল সেবার রক্ষণাবেক্ষণ | ৫,৯৪.০০ |
| | ৪.৪ পরিবেশ সংরক্ষণ | ৩০.০০ |
| | ৪.৫ বাজার ও কসাইখানা রক্ষণাবেক্ষণ | ১,০০.০০ |
| | ৪.৬ কবরখানা ও শ্মশানঘাট মেরামত ও সংরক্ষণ | ৫০.০০ |
| | | ১৩,৯৪.০০ |
| | মোট রাজস্ব তহবিলের উন্নয়ন ব্যয় | ৫৬,৩১.৫০ |
| ৫ | মূলধন হিসাব ঃ | |
| | ৫.১ ব্যাংক চার্জ | ৫০.০০ |
| | | ৫০.০০ |
| | মোট রাজস্ব তহবিলের ব্যয় | ১৭৮,৯৯.৬৬ |
| | সমাপনী স্থিতি | ১৩,১১.৭২ |
| | সর্বমোট রাজস্ব তহবিলের ব্যয় | ১৯২,১১.৩৮ |
| | উন্নয়ন তহবিল ঃ | |
| ১। | সরকারি অনুদান | ৪৮২,৭৪.০০ |
| ২। | বিশেষ প্রকল্প | ১৮৬,২০.৮৯ |
| | মোট উন্নয়ন তহবিলের ব্যয় | ৬৬৮,৯৪.৮৯ |
| | সমাপনী স্থিতি | ০.০০ |
| | মোট | ৬৬৮,৯৪.৮৯ |
| | সর্বমোট ব্যয় খাত | ৮৬১,০৬.২৭ |

# খুলনা সিটি কর্পোরেশন
## ২০২২-২০২৩ সালের প্রস্তাবিত বাজেট
### উন্নয়ন তহবিল
### আয়ের সংক্ষিপ্ত সার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | | আয় খাত | প্রস্তাবিত বাজেট (২০২২-২০২৩) | চলতি বাজেট (২০২১-২০২২) | প্রকৃত আয় (২০২০-২০২১) |
|---|---|---|---|---|---|
| ১ | | **সরকারি অনুদান (২য় অংশ)** | | | |
| | ১.১.১ | বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে (এডিপি) সরকারি অনুদান | ৪৫০০.০০ | ৪০০০.০০ | ৬৭৩.৭৫ |
| | ১.১.২ | বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) বিশেষ থোক | ১৫০০.০০ | ১৫০০.০০ | ৭৪০.৮২ |
| | ১.১.৩ | জাতীয় এডিপিভুক্ত/ প্রস্তাবিত সরকারি অনুদান | ৪২২৭৪.০০ | ২০১০০.০০ | ১৫৩০০.০০ |
| | | | **৪৮২,৭৪.০০** | **২৫৬,০০.০০** | **১৬৭,১৪.৫৭** |

## উন্নয়ন তহবিল
## বিশেষ প্রকল্প

| ক্রমিক নং | | আয় খাত | প্রস্তাবিত বাজেট (২০২২-২০২৩) | চলতি বাজেট (২০২১-২০২২) | প্রকৃত আয় (২০২০-২০২১) |
|---|---|---|---|---|---|
| | গ. | **উন্নয়ন তহবিলঃ** | | | |
| | ১.২ | **বিশেষ প্রকল্প (৩য় অংশ)** | | | |
| | ১.২.১ | প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন | ২০০.০০ | ৩০০.০০ | ৫৮৭.৭৫ |
| | ১.২.২ | নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প-২ | ৭৬০৮.০৪ | ৫৫০০.০০ | ০.০০ |
| | ১.২.৩ | সিটিওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন এনগেজমেন্ট ইন খুলনা (৫৪৮.২৫) টু ক্লাইমেট (এনএনভি) | ২৫.০০ | ৪০.০০ | ৩৬.১৩ |
| | ১.২.৪ | এনগেজিং মাল্টি সেক্টরাল পাটনার্স ফর ক্রিয়েটিং অপরচুনিটিজ ইমপ্রভিং ওয়েলবিয়িং এন্ড রিলিজিং রাইটস আব দি আরবান পুওর প্রজেক্ট | ১০.৮১ | ২৯.৩৯ | ০.০০ |
| | ১.২.৫ | লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) | ২০০০.০০ | ২০০০.০০ | ০.০০ |
| | ১.২.৬ | জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় খুলনা সিটি কর্পোরেশন এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন প্রকল্প | ১৫০.০০ | ২২৫.০০ | ৭৫.০০ |
| | ১.২.৭ | ফিজিবিলিটি স্টাডি ওয়াটার এ্যাজ লিভারেজ নেদারল্যান্ড সরকার | ৮০০.০০ | ৮.৫০ | ০.০০ |
| | ১.২.৮ | ভারত সরকারের অর্থায়নে খুলনা শহরের বিভিন্ন এলাকায় কৃষি মার্কেট / পার্ক, কম্পিউটার ল্যাব, Wi-Fi Zone নির্মাণ | ৪৯০০.০০ | ৪৯৪৪.৭৪ | ০.০০ |
| | ১.২.৯ | Climate Bridge Fund KFW- Brac | ১৭৯.০০ | ৩.০০ | ০.০০ |
| | ১.২.১০ | Healthy City Khulna under Urban Lead Programme World Health Organization (WHO) | ৬৫.০০ | ১.০০ | ০.০০ |
| | ১.২.১১ | Capex Model 965 KW (AC) Floating and Rooftop Power Plant at Water Surface of lakc Rooftops of Schools and Hospital Under City Corporation (ভারতীয় সরকারের অর্থায়নে) | ১০৫৫.২০ | ১০৫০.০০ | ০.০০ |
| | ১.২.১২ | 3-R Initiative Pilot Project Phase-1 at Mathavanga | ৩০০.০০ | ৫২০.০০ | ০.০০ |
| | ১.২.১৩ | Sustainable Capacity Building to reduce irreversible population by plastic project | ৪৬৭.০০ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৪ | Improved Coordination of International Climate Finance (ICICF) GIZ | ১০.০০ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৫ | আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২ | ৮০০.৮৪ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৬ | Climate Change Adapted Urban Development Project (KFW) (প্রাক্কলিত মূল্য ৪৯৭.০০ কোটি টাকা) | ৫০.০০ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৭ | আরবান মেনেজমেন্ট অব ইন্টারন্যাশনাল মাইগ্রেশন ডিউ টু ক্লাইমেট চেঞ্জ ইন খুলনা সিটি কর্পোরেশন | ০.০০ | ৬০০.০০ | ৪০.০০ |
| | ১.২.১৮ | বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড প্রকল্প | ০.০০ | ০.০০ | ২৯৫০.০৪ |
| | ১.২.১৯ | রিজিলিয়েন্ট ইনক্লুসিভ আরবান ডেভলপমেন্ট প্রকল্প | ০.০০ | ২০.০০ | ০.০০ |
| | ১.২.২০ | ক্লাইমেট চেঞ্জ আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ফিজিবিলিটি স্টাডি) প্রাক্কলিত মূল্য ১১০০.০০ | ০.০০ | ৭৫.০০ | ০.০০ |
| | | | **১৮৬,২০.৮৯** | **১৫৩,১৬.৬৩** | **৩৬,৮৮.৯২** |

# সরকারি অনুদান

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি খাতে (থোক বরাদ্দ)

## প্রস্তাবিত প্রকল্পসমূহ

## (২০২২-২০২৩)

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | বিবরণ | বরাদ্দ |
|---|---|---|
| | **পূর্ত বিভাগ - উন্নয়ন কাজ :** | |
| ১ | রাস্তা, ড্রেন, কালভার্ট, ফুটপাথ, আইল্যান্ড, সাইডওয়াল, রিটেইনিংওয়াল নির্মাণ | ৫০০.০০ |
| ২ | অফিস ভবন, ওয়ার্ড অফিস, কমিউনিটি সেন্টার, সুপারমার্কেট, বাজার, কসাইখানা, স্বাস্থ্যকেন্দ্র, কর্মকর্তা/কর্মচারিদের কোয়ার্টার, গ্যারেজ সেড, স্টোর সেড নির্মাণ | ২০০.০০ |
| ৩ | মসজিদ, মন্দির, কবরখানা, শ্মশানঘাট, উপসানালয় এর নির্মাণ | ১০০.০০ |
| ৪ | খুলনা সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন স্কুল, কলেজ, মাদ্রাসা নির্মাণ/উন্নয়ন | ৫০.০০ |
| ৫ | ট্রাক টার্মিনাল নির্মাণ/ট্রাক টার্মিনালের অবকাঠামো বর্ধিতকরণ | ৫০.০০ |
| ৬ | পার্ক নির্মাণ, বৃক্ষরোপন, পুকুরখনন, ঘাটলা নির্মাণ | ৫০.০০ |
| ৭ | নগরীতে সৌন্দর্যবর্ধণ স্থাপনা নির্মাণ | ৫০.০০ |
| ৮ | অবহেলিত ও অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে পরিচ্ছন্নকর্মী, ডোম, ঋষি, হিজড়াসহ অন্যান্য সম্প্রদায়ের শিক্ষা, স্বাস্থ্য বাসস্থানের সুযোগ সুবিধার জন্য অবকাঠামো নির্মাণ (সেবক কলোনী নির্মাণ) | ১০০.০০ |
| ৯ | দুঃস্থ বয়স্ক নারী-পুরুষ ও প্রতিবন্ধীদের স্কুল/ফুটপাথ ও বিভিন্ন ওয়ার্ড অফিসে ওঠার জন্য সিড়ি নির্মাণ | ২৫.০০ |
| ১০ | নগরীর বিভিন্ন অবকাঠামো নির্মাণের জন্য সম্ভাব্য যাচাই, ডিজাইন করার জন্য কনসালট্যান্ট নিয়োগ | ৮.০০ |
| ১১ | বিভিন্ন পার্কে মহিলাদের জন্য লেডিস কর্ণার ও আলাদা টয়লেট নির্মাণ | ৫০.০০ |
| ১২ | খুলনায় স্থায়ী নাট্যমঞ্চ/বহুমুখী ব্যবহার উপযোগী হল/পাবলিক হল নির্মাণ | ৫০.০০ |
| ১৩ | অফিস/ওয়ার্ড অফিস পরিচালনার জন্য ফার্নিচার ক্রয় | ২০.০০ |
| ১৪ | নগরীর সুবিধাজনক স্থানে ব্যায়ামাগার, সুইমিংপুল স্থাপন | ২০.০০ |
| ১৫ | বিভাগীয়ভাবে রাস্তা মেরামতের জন্য মালামাল ক্রয় | ৪০.০০ |
| ১৬ | বিভিন্ন ওয়ার্ডে লাইব্রেরি স্থাপন | ২০.০০ |
| ১৭ | ডাক বাংলো মোড়, শিববাড়ী ও দৌলতপুরে ফুটওভার ব্রিজ নির্মাণ | ১০০.০০ |
| ১৮ | ল্যাবরেটরির জন্য যন্ত্রপাতি ক্রয় | ৫০.০০ |
| | **রক্ষণাবেক্ষণ কাজ :** | |
| ১ | রাস্তা, ড্রেন, কালভার্ট, ফুটপাথ, আইল্যান্ড, সাইডওয়াল, রিটেইনিংওয়াল মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৫৫০.০০ |
| ২ | অফিস ভবন, ওয়ার্ড অফিস, কমিউনিটি সেন্টার, সুপারমার্কেট, বাজার, কসাইখানা, স্বাস্থ্য কেন্দ্র, কর্মকর্তা/ কর্মচারিদের কোয়ার্টার, গ্যারেজ সেড, স্টোর সেড মেরামত রক্ষণাবেক্ষণ ও বিভিন্ন ভবনে বিদ্যুৎ এর রক্ষণাবেক্ষণ কাজ | ১০০.০০ |
| ৩ | মসজিদ, মন্দির, কবরখানা, শ্মশানঘাট, উপসনালয় এর মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১০০.০০ |
| ৪ | খুলনা সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন স্কুল, কলেজ, মাদ্রাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৫০.০০ |
| ৫ | খুলনা সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন পাবলিক টয়লেট ও স্কুল ভবনের পাবলিক টয়লেট সংস্কার ও রক্ষণাবেক্ষণ | ৫০.০০ |
| | **বিদ্যুৎ ও আই সিটি শাখা :** | |
| ১ | সাইক্লোস্টাইল মেশিন, ফটোস্ট্যাট মেশিন, কম্পিউটার ও টোনার (কম্পিউটার কালি) ও যন্ত্রাংশ ক্রয় | ২০.০০ |
| ২ | এয়ারকুলার, লিফট, সাউন্ড সিস্টেম, পিএবিএক্স, ফিংগার প্রিন্ট মেশিন, ওয়াকি টকি, মেটাল ডিটেকটর, ফ্যান, ফ্রিজ ইত্যাদি ক্রয়, যন্ত্রাংশ ক্রয় ও রক্ষনাবেক্ষণ | ১২.০০ |
| ৩ | সড়ক বাতি সংরক্ষণের জন্য এনার্জি সেভার ল্যাম্প, এলইডি ল্যাম্প, এইচইডি ল্যাম্প,তার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় | ২৫০.০০ |
| ৪ | অফিস অটোমেশনের জন্য সফটওয়্যার প্রস্তুত, সংরক্ষণ, ডাটা এন্ট্রি, নেটওয়ার্ক স্থাপন, কম্পিউটার এবং যন্ত্রাংশ ক্রয় ও ইন্টারনেট সংযোগ স্থাপন | ৩০.০০ |
| ৫ | বিভিন্ন মোড়ে উচ্চক্ষমতাসম্পন্ন লাইট স্থাপন | ১০.০০ |
| ৬ | নগরভবন ও বিভিন্ন ওয়ার্ড অফিসে সিসি ক্যামেরা স্থাপন | ৩৫.০০ |
| ৭ | খুলনা মহানগরীর গুরুত্বপূর্ণ পয়েন্টে সিসি ক্যামেরা স্থাপন | ২০.০০ |

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | বিবরণ | বরাদ্দ |
|---|---|---|
| ৮ | জিপিআরএস সিস্টেম স্থাপন | ৫.০০ |
| ৯ | ওয়ার্ড অফিসে আধুনিক প্রযুক্তির আওতায় এনে নাগরিক সেবা প্রদানের ব্যবস্থা করা | ২০.০০ |
| ১০ | প্রযুক্তিগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ভিডিও কনফারেন্সসহ ভার্সুয়াল সভার আবেদনের নির্মিত্তে সেট আপ গ্রহণ করা | ৫.০০ |
| | **যানবাহন শাখা :** | |
| ১ | যানবাহন মেরামত, যন্ত্রাংশ ক্রয়, এ্যাসফল্টপ্লান্ট মেরামত ও যন্ত্রাংশ ক্রয় | ৫০.০০ |
| ২ | উন্নয়নমূলক কাজ পরিদর্শনের জন্য যানবাহন ক্রয় | ৫০.০০ |
| ৩ | দুর্যোগ পরবর্তী কার্যক্রমের জন্য যন্ত্রপাতি ক্রয় | ৫০.০০ |
| ৪ | প্লেট কমপ্যাক্ট ও মাড পাম্প ক্রয় | ৫০.০০ |
| ৫ | রোডসুইপিং মেশিন ক্রয় | ২০.০০ |
| | মোট= | ২৯,৬০.০০ |
| | **জরুরী পানির চাহিদা মিটানো :** | |
| ১ | নগরীর গুরুত্বপূর্ণ স্থানে পানির ট্যাংক তৈরি করে সুপেয় পানির ব্যবস্থা করণ ও খরা মৌসুমে জরুরী ভিত্তিতে খাবার পানি সরবরাহ করণ | ২৫.০০ |
| ২ | খরা মৌসুমে জরুরী পানি সংকট নিরসনের জন্য গভীর নলকূপ-কে সাবমারসিবল পাম্পে রূপান্তর করণ, বিদ্যুৎ বিল পরিশোধ ও রক্ষনাবেক্ষণ। | ৫০.০০ |
| | মোট= | ৭৫.০০ |
| | **ভেটেরিনারি খাত :** | |
| ১ | খাদ্য নমুনা পরীক্ষার জন্য যন্ত্রপাতি ও আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয় | ৫০.০০ |
| | মোট= | ৫০.০০ |
| | **স্বাস্থ্য খাত :** | |
| ১ | নগর স্বাস্থ্য ভবনের ৪র্থ তলা নির্মাণ | ১০০.০০ |
| ২ | খুলনা মহানগর হাসপাতাল স্থাপন | ১০০.০০ |
| ৩ | মুজগুন্নি ও মহেশ্বরপাশায় মেটারনিটি ক্লিনিক নির্মাণ | ১০০.০০ |
| ৪ | ফিজিওথেরাপি সেন্টার স্থাপন | ৫০.০০ |
| ৫ | ডায়গনস্টিক সেন্টার স্থাপন | ১৫০.০০ |
| ৬ | নব নির্মিত টুটপাড়া তালতলা নগর মাতৃসদন হাসপাতাল পরিচালন | ৫০.০০ |
| ৭ | দৌলতপুর অঞ্চলে মেটারনিটি সেন্টার নির্মাণ | ১০০.০০ |
| ৮ | নবনির্মিত খালিশপুর লাল হাসপাতাল পরিচালন | ৩০.০০ |
| ৯ | করোনা ভাইরাস ও অন্যান্য ভাইরাস প্রতিরোধ কার্যক্রম | ৩২৫.০০ |
| ১০ | খাদ্য নমুনা পরীক্ষা করার জন্য যন্ত্রপাতি ও আনুষাঙ্গিক দ্রবাদি তৈরী | ২২.০০ |
| | মোট= | ১০,২৭.০০ |
| | **কঞ্জারভেন্সি খাত :** | |
| ১ | কঞ্জারভেন্সি মালামাল ক্রয় (বেলচা, কোদাল, আচড়া, আছাড়ি, ঝাড়ুর শলা, শাবল ইত্যাদি) | ৩০.০০ |
| ২ | ব্লিচিং পাউডার ক্রয়, সেভলন ডিটারজেন ও জীবাণু নাশক স্প্রে ক্রয় | ১২.০০ |
| ৩ | কঞ্জারভেন্সি কাজে নিয়োজত শ্রমিকদের এ্যাপ্রোন ক্রয় | ৩.০০ |
| ৪ | কঞ্জারভেন্সি বিভাগের কর্মকর্তা, কর্মচারি ও পরিচ্ছন্নতা কর্মীদের ব্যবহারের জন্য গামবুট, রেইনকোট, হ্যান্ড গ্লোভস, মাস্ক ক্রয় | ৫.০০ |

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | বিবরণ | বরাদ্দ |
|---|---|---|
| ৫ | হুইল ব্যারো গাড়ি তৈরি ও মেরামত | ১০.০০ |
| ৬ | ভ্যান গাড়ি ক্রয় | ৩০.০০ |
| ৭ | ভ্যান গাড়ি মেরামত ও খুচরা যন্ত্রাংশ ক্রয় | ১৫.০০ |
| ৮ | ডি মাউন্টটেবল কন্টেইনার তৈরি ও মেরামত | ৩০.০০ |
| ৯ | পেড়ীকাদা বহনকারী গাড়ি ক্রয় | ২৫.০০ |
| ১০ | কঞ্জারভেন্সি যানবাহন মেরামত ও যন্ত্রাংশ ক্রয় | ২৫.০০ |
| ১১ | গার্বেজ ট্রাক উইথ কম্পেক্টর ক্রয় | ৫৫.০০ |
| ১২ | ছোট/বড় এসকেভেটর ক্রয় | ৪০.০০ |
| ১৩ | রোড সুইপিং মেশিন মেরামত ও স্পীড লোডার, ব্যাক হুইল লোডার রক্ষণাবেক্ষণ | ৫.০০ |
| ১৪ | পাওয়ার ট্রেলার সহ ছোট ট্রলি ক্রয় | ৫০.০০ |
| ১৫ | শহর এলাকায় স্লুইচগেট মেরামত ও রক্ষণাবেক্ষণ | ২৫.০০ |
| ১৬ | গার্বেজ ট্রাকের সেড নির্মাণ | ৩৫.০০ |
| ১৭ | থ্রি হুইলার ক্রয় | ২৫.০০ |
| ১৮ | ড্রেন ও খালের ময়লা অপসারণের জন্য উইনস মেশিন ক্রয় | ৪৫.০০ |
| ১৯ | কঞ্জারভেন্সি কার্যক্রম তদারকীর জন্য পিকআপ গাড়ী ক্রয় | ১৫.০০ |
| ২০ | কঞ্জারভেন্সি কার্যক্রম তদারকীর জন্য মোটর সাইকেল ক্রয় | ৮.০০ |
| ২১ | ফ্রেম ওয়ার্কের আওতায় ০১ বছরের জন্য মহানগরীর বিভিন্ন স্থানে ড্রেন, কালভার্ট, ম্যানহোল, হুইপহোল ইত্যাদি নির্মাণ | ৪০.০০ |
| ২২ | দুর্যোগকালীন সময়ে জরুরী কঞ্জারভেন্সি কাজের জন্য স্লাভ কাটার মেশিন, বড় ড্রিল মেশিন, ইলেকট্রিক কাটার মেশিন, জেনারেটর ইত্যাদি ক্রয় | ১০.০০ |
| ২৩ | স্যানিটারি ল্যান্ডফিল্ডের বাউন্ডারি ওয়াল নির্মাণ | ২০.০০ |
| ২৪ | ট্রেন্ডারের মাধ্যমে শহরের বিভিন্ন নদী ও খালের কচুরিপানা ও ময়লা আবর্জনা অপসারণ | ৫০.০০ |
| | **মশন নিধন কার্যক্রম :** | |
| ২৫ | মশক নিধন ঔষধ ক্রয় (ক) লার্ভিসাইড | ১০০.০০ |
| | (খ) এ্যাডাল্টিসাইড | ৮০.০০ |
| | (গ) এ্যাডাল্টিসাইড ঔষধের সাথে মিশ্রণের জন্য কেরোসিন, ডিজেল ও পারফিউম ক্রয় | ৩০.০০ |
| ২৬ | কালো তেল তৈরীর জন্য ফার্নেস ওয়েল ও লাইট ডিজেল অয়েল ক্রয় | ৫০.০০ |
| ২৭ | ফগার মেশিন ক্রয় | ৪৫.০০ |
| ২৮ | ফগার মেশিন মেরামত ও খুচরা যন্ত্রাংশ ক্রয় | ৫.০০ |
| ২৯ | হ্যান্ড স্প্রে মেশিন ক্রয় ও মেরামত | ৭.০০ |
| ৩০ | হুইল স্প্রে মেশিন ক্রয় ও মেরামত | ১০.০০ |
| | **জলাবদ্ধতা দূরীকরণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম :** | |
| ৩১ | পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান ও জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেনের পেড়ীমাটি উত্তোলন | ৬০.০০ |
| ৩২ | রাজবাঁধ, শোলুয়া ও মাথাভাঙ্গা ট্রেঞ্চিং গ্রাউন্ড সংস্কার | ১০.০০ |
| ৩৩ | সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন (এসটিএস) তৈরি ও সংস্কার | ৪০.০০ |
| | **মানব বর্জ্য অপসারণ সংক্রান্ত কার্যক্রম :** | |
| ৩৪ | ভেকুটাগ গাড়ি ক্রয় ও মেরামত | ২০.০০ |
| ৩৫ | শৌচাগার পরিস্কারকরণ | ২.০০ |
| ৩৬ | মোবাইল টয়লেট ভ্যান ক্রয় ও মেরামত | ৩০.০০ |
| ৩৭ | পাবলিক টয়লেট নির্মাণ ও মেরামত | ৫০.০০ |

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | বিবরণ | বরাদ্দ |
|---|---|---|
| ৩৮ | টেন্ডারের মাধ্যমে বিভিন্ন ওয়ার্ডের সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট কার্যক্রম | ৮০.০০ |
| ৩৯ | জাতীয় স্যানিটেশন ''অক্টোবর মাস উদযাপন উপলক্ষে ব্যয়' | ৩.০০ |
| ৪০ | মৃত জীবজন্তু অপসারণের জন্য মিনি পিক-আপ/ব্যাটারি চালিত ইজিবাইক ক্রয়/অটোট্রলি ক্রয় | ১০.০০ |
| ৪১ | আউটসোর্সিং পদ্ধতিতে টেন্ডারের মাধ্যমে পরিচ্ছন্নতাকর্মী কাজে লাগানো | ৫০.০০ |
| ৪২ | ফ্রেম ওয়ার্কের আওতায় ০১ বছরের জন্য জরুরী ভিত্তিতে বিশেষ বিশেষ স্থান ও স্থাপনাসমূহ, ওয়ার্ড পর্যায় পরিস্কার-পরিচ্ছন্নতা, মানব বর্জ্য ট্রিটমেন্ট প্লান্ট রক্ষণাবেক্ষণ, মৃত জীবজন্তু অপসারণ, স্লুইচগেট উঠানো-নামানো ও গার্বেজ অপসারণ কাজে দক্ষ-অদক্ষ বহিরাগত শ্রমিক কাজে লাগানো এবং এসটিএস-এর শ্রমিকদের বেতন ও ভাতা | ২০.০০ |
| ৪৩ | বিশেষ পরিস্কার-পরিচ্ছন্নতা, গাবের্জ অপসারণ ও উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য দৈনিক মুজুরি ভিত্তিতে বহিরাগত শ্রমিক কাজে লাগানো | ২৫০.০০ |
| ৪৪ | কেসিসি গ্যারেজের জন্য গাড়ী এবং মশক নিধন ঔষধ রক্ষণাবেক্ষণসহ নিরাপত্তার জন্য গ্রীলসেড নির্মাণ | ১৫.০০ |
| ৪৫ | কঞ্জারভেন্সী কার্যক্রম ও তত্ত্বাবধায়নের জন্য ওয়াকি টকি ও ওয়াকি টকির ব্যাটারী ক্রয় | ৫০.০০ |
| ৪৬ | জ্বালানী তেল বহন ও সংরক্ষণের কাজে ব্যবহারের জন্য ৫০টি বড় প্লাষ্টিকের খালি ড্রাম ক্রয় | ১.০০ |
| ৪৭ | জরুরী প্রয়োজনে শুধুমাত্র প্রয়োজনীয় সময় দৈনিক হাজিরা ভিত্তিতে পরিচ্ছন্নকর্মী, গার্বেজ ট্রাক চালক, ডোম, ভেকুটাগ ট্রাক চালক ইত্যাদি কাজে দৈনিক মজুরী ভিত্তিতে চাহিদামত শ্রমিক নিয়োগ | ৫০.০০ |
| ৪৮ | সলিড ওয়েষ্ট অপসারনের জন্য জ্বালানী ব্যয় | ১৪২.০০ |
| ৪৯ | ড্রেনের ভাসমান ময়লা, পেড়ী মাটি উত্তোলনের জন্য জ্বালানী ব্যয় | ৭০.০০ |
| | মোট = | ১৮,৮৮.০০ |
| | ১। পূর্ত্ত খাত = ২৯,৬০.০০<br>২। জরুরী পানির চাহিদা = ৭৫.০০<br>৩। ভেটেরিনারি খাত = ৫০.০০<br>৪। জনস্বাস্থ্য খাত = ১০,২৭.০০<br>৫। কঞ্জারভেন্সি খাত = ১৮,৮৮.০০ | |
| | সর্বমোট = ৬০,০০.০০ | |

# খুলনা সিটি কর্পোরেশন
## প্রস্তাবিত বাজেট (২০২২-২০২৩)
## জাতীয় এডিপিভুক্ত চলমান প্রকল্পসমূহ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কাজের নাম | প্রস্তাবিত বরাদ্দ |
|---|---|---|
| ১ | খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ও ক্ষতিগ্রস্থ রাস্তার উন্নয়ন ও পূনর্বাসন | ২০২০৬.০০ |
| ২ | খুলনা শহরের জলাবদ্ধতা দূরীকরণে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প | ১২০৬৮.০০ |
| ৩ | খুলনা সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থার উন্নয়ন প্রকল্প | ১০০০০.০০ |
| | মোট= | ৪২২৭৪.০০ |

## জাতীয় এডিপিভুক্ত প্রকল্পসমূহ (প্রস্তাবিত) :

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কাজের নাম | মন্তব্য |
|---|---|---|
| ১ | খুলনা সিটি কর্পোরেশন ভৌত অবকাঠামো উন্নয়ন প্রাক্কলিত ব্যয় (১৫০০০০.০০ টাকা) | প্রস্তাবিত প্রকল্প অনুমোদিত হলে এবং বরাদ্দ পাওয়া গেলে সংশোধিত বাজেটে দেয়া হবে। |

# খুলনা সিটি কর্পোরেশন
## ২০২২-২০২৩ সালের প্রস্তাবিত বাজেট
## উন্নয়ন তহবিল
## ব্যয়ের সংক্ষিপ্ত সার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | | আয় খাত | প্রস্তাবিত বাজেট (২০২২-২০২৩) | চলতি বাজেট (২০২১-২০২২) | প্রকৃত আয় (২০২০-২০২১) |
|---|---|---|---|---|---|
| ১ | | **সরকারি অনুদান (২য় অংশ)** | | | |
| | ১.১.১ | বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে (এডিপি) সরকারি অনুদান | ৪৫০০.০০ | ৪০০০.০০ | ৬৭৩.৭৫ |
| | ১.১.২ | বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) বিশেষ থোক | ১৫০০.০০ | ১৫০০.০০ | ৭৪০.৮২ |
| | ১.১.৩ | জাতীয় এডিপিভুক্ত/ প্রস্তাবিত সরকারি অনুদান | ৪২২৭৪.০০ | ২০১০০.০০ | ১৫৩০০.০০ |
| | | | ৪৮২,৭৪.০০ | ২৫৬,০০.০০ | ১৬৭,১৪.৫৭ |

## উন্নয়ন তহবিল
## বিশেষ প্রকল্প

| ক্রমিক নং | | আয় খাত | প্রস্তাবিত বাজেট (২০২২-২০২৩) | চলতি বাজেট (২০২১-২০২২) | প্রকৃত আয় (২০২০-২০২১) |
|---|---|---|---|---|---|
| | গ. | **উন্নয়ন তহবিলঃ** | | | |
| | ১.২ | **বিশেষ প্রকল্প (৩য় অংশ)** | | | |
| | ১.২.১ | প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন | ২০০.০০ | ৩০০.০০ | ৫৮৭.৭৫ |
| | ১.২.২ | নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প-২ | ৭৬০৮.০৪ | ৫৫০০.০০ | ০.০০ |
| | ১.২.৩ | সিটিওয়াইড ইনক্লুসিভ স্যানিটেশন এনগেজমেন্ট ইন খুলনা (৫৪৮.২৫) টু ক্লাইমেট (এনএনডি) | ২৫.০০ | ৪০.০০ | ৩৬.১৩ |
| | ১.২.৪ | এনগেজিং মাল্টি সেক্টরাল পাটনার্স ফর ক্রিয়েটিং অপরচুনিটিজ ইমপ্রুভিং ওয়েলবিয়িং এন্ড রিলিজিং রাইটস আব দি আরবান পুওর প্রজেক্ট | ১০.৮১ | ২৯.৩৯ | ০.০০ |
| | ১.২.৫ | লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) | ২০০০.০০ | ২০০০.০০ | ০.০০ |
| | ১.২.৬ | জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় খুলনা সিটি কর্পোরেশন এলাকায় জলাবদ্ধতা নিরসন ও পরিবেশ উন্নয়ন প্রকল্প | ১৫০.০০ | ২২৫.০০ | ৭৫.০০ |
| | ১.২.৭ | ফিজিবিলিটি স্টাডি ওয়াটার এ্যাজ লিভারেজ নেদারল্যান্ড সরকার | ৮০০.০০ | ৮.৫০ | ০.০০ |
| | ১.২.৮ | ভারত সরকারের অর্থায়নে খুলনা শহরের বিভিন্ন এলাকায় কৃষি মার্কেট / পার্ক, কম্পিউটার ল্যাব, Wi-Fi Zone নির্মাণ | ৪৯০০.০০ | ৪৯৪৪.৭৪ | ০.০০ |
| | ১.২.৯ | Climate Bridge Fund KFW- Brac | ১৭৯.০০ | ৩.০০ | ০.০০ |
| | ১.২.১০ | Healthy City Khulna under Urban Lead Programme World Health Organization (WHO) | ৬৫.০০ | ১.০০ | ০.০০ |
| | ১.২.১১ | Capex Model 965 KW (AC) Floating and Rooftop Power Plant at Water Surface of lakc Rooftops of Schools and Hospital Under City Corporation (ভারতীয় সরকারের অর্থায়নে) | ১০৫৫.২০ | ১০৫০.০০ | ০.০০ |
| | ১.২.১২ | 3-R Initiative Pilot Project Phase-1 at Mathavanga | ৩০০.০০ | ৫২০.০০ | ০.০০ |
| | ১.২.১৩ | Sustainable Capacity Building to reduce irreversible population by plastic project | ৪৬৭.০০ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৪ | Improved Coordination of International Climate Finance (ICICF) GIZ | ১০.০০ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৫ | আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট-২ | ৮০০.৮৪ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৬ | Climate Change Adapted Urban Development Project (KFW) (প্রাক্কলিত মূল্য ৪৯৭.০০ কোটি টাকা) | ৫০.০০ | ০.০০ | ০.০০ |
| | ১.২.১৭ | আরবান মেনেজমেন্ট অব ইন্টারন্যাশনাল মাইগ্রেশন ডিউ টু ক্লাইমেট চেঞ্জ ইন খুলনা সিটি কর্পোরেশন | ০.০০ | ৬০০.০০ | ৪০.০০ |
| | ১.২.১৮ | বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড প্রকল্প | ০.০০ | ০.০০ | ২৯৫০.০৪ |
| | ১.২.১৯ | রিজিলিয়েন্ট ইনক্লুসিভ আরবান ডেভলপমেন্ট প্রকল্প | ০.০০ | ২০.০০ | ০.০০ |
| | ১.২.২০ | ক্লাইমেট চেঞ্জ আরবান ডেভলেপমেন্ট প্রোগ্রাম (ফিজিবিলিটি স্টাডি) প্রাক্কলিত মূল্য ১১০০.০০ | ০.০০ | ৭৫.০০ | ০.০০ |
| | | | ১৮৬,২০.৮৯ | ১৫৩,১৬.৬৩ | ৩৬,৮৮.৯২ |